# ছোটদের দু'আ ও আমল



## রোমানা জামান

**সম্পাদনা**

ড. মুহাম্মদ রুহুল আমিন রব্বানি

তালবিয়া প্রকাশন



**ছোটদের দু'আ ও আমল**

**রোমানা জামান**


**প্রকাশনায়**

**তালবিয়া প্রকাশন**

৩৪, নর্থব্রুক হল রোড, মাদরাসা মার্কেট (২য় তলা)

বাংলাবাজার, ঢাকা-১১০০

০১৭৭৮৪৯২৫১৯ ০১৯১১০১১১৭০

talbiaprokashon@gmail.com

fb/talbiaprokashon

**প্রথম প্রকাশ :** জানুয়ারি ২০২৩

**প্রচ্ছদ :** আবুল ফাতাহ মুন্না

**প্রকাশনা ক্রম :** তিন

**মূল্য : ৯০ টাকা**

CHOTODER DUA O AMAL

by Romana Zaman

Published by Talbia Prokashon

ISBN: 978-984-96869-2-7

# সূচিপত্র

ভূমিকা ..... ০৯
উচ্চারণ ও মাখরাজ নির্দেশিকা ..... ১১
**পড়ালেখা বিষয়ক**
১. জ্ঞান ও মুখস্তশক্তি বৃদ্ধির দু‘আ ..... ১৩
২. মুখের জড়তা দূর করার দু‘আ ..... ১৩
৩. ভুলে যাওয়া বিষয় স্মরণ করার দু‘আ ..... ১৪
৪. অন্যের জ্ঞান বৃদ্ধির দু‘আ ..... ১৪
৫. পরীক্ষার পূর্বে পঠিত দু‘আ ..... ১৫
৬. অজ্ঞতা থেকে বাঁচার দু‘আ ..... ১৫
৭. ক্লাস বা যে কোনো মজলিস শেষের দু‘আ ..... ১৬
**ঘুমের সাথে সংশ্লিষ্ট**
ঘুমানোর সুন্নাত ..... ১৭
৮. ঘুমাতে যাওয়ার পূর্বের দু‘আ ..... ১৮
দুঃস্বপ্ন দেখলে করণীয় ..... ১৮
৯. ঘুমের মধ্যে ভয় পেলে পঠিত দু‘আ ..... ১৯
১০. ঘুম থেকে ওঠার দু‘আ ..... ১৯
**খাওয়া ও পান করা সংশ্লিষ্ট**
১১. খাওয়া শুরুর দু‘আ ..... ২০
১২. খাওয়ার শুরুতে দু‘আ পড়তে ভুলে গেলে তার দু‘আ ..... ২০
১৩. খাওয়া শেষের দু‘আ ..... ২১
১৪. দুধ পান শেষের দু‘আ ..... ২১
১৫. পানি পানের দু‘আ ..... ২১
১৬. যমযমের পানি পানের দু‘আ ..... ২২
১৭. কেউ খাওয়ালে তার জন্য দু‘আ ..... ২৩
১৮. ইফতারের দু‘আ ..... ২৩



**পরিস্কার-পরিচ্ছন্নতা ও সাজ-সজ্জা সম্পর্কিত**
১৯. বাথরুমে প্রবেশের দু‘আ ..... ২৪
২০. বাথরুম থেকে বের হওয়ার দু‘আ ..... ২৪
২১. অজু শুরু করার দু‘আ ..... ২৪
২২. অজু শেষের দু‘আ ..... ২৫
২৩. কাপড় পরিধানের দু‘আ ..... ২৫
২৪. নতুন কাপড় পরিধানের দু‘আ ..... ২৬
২৫. নতুন কাপড় পরিধানকারীর জন্য দু‘আ ..... ২৬
২৬. কাপড় খুলে রাখার দু‘আ ..... ২৭
২৭. আয়নায় মুখ দেখার দু‘আ ..... ২৭
**সহপাঠি ও অন্যদের সাথে আচরণ**
২৮. সালাম প্রদান ..... ২৮
২৯. সালামের উত্তর ..... ২৮
৩০. মুসাফাহার দু‘আ ..... ২৯
৩১. মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নাম শুনলে যে দু‘আ করতে হয় ..... ২৯
৩২. পিতামাতার জন্য দু‘আ ..... ২৯
৩৩. দু‘আ প্রার্থীর জন্য দু‘আ ..... ৩০
৩৪. দু‘আর বিনিময়ে দু‘আ ..... ৩০
৩৫. উপহারদাতার জন্য দু‘আ ..... ৩০
৩৬. উপকারের কৃতজ্ঞতা স্বরূপ দু‘আ ..... ৩১
৩৭. অন্যকে হাসতে দেখলে পড়ার দু‘আ ..... ৩১
৩৮. হাঁচির দু‘আসমূহ ..... ৩২
৩৯. সকল মুমিনের জন্য ক্ষমাপ্রার্থনা ..... ৩৩
৪০. কাউকে কষ্ট দিয়ে থাকলে তার জন্য দু‘আ ..... ৩৩

**সফর বা বেড়াতে যাওয়া**

৪১. বাড়ী থেকে বের হওয়ার দু'আ....................৩৪
৪২. বিদায় নেয়ার দু'আ....................৩৪
৪৩. বিদায় জানানোর দু'আ....................৩৫
৪৪. লিফট সিঁড়ি বা উপরে-নিচে চলাচলের দু'আ....................৩৫
৪৫. নৌযানে আরোহনের দু'আ....................৩৫
৪৬. স্থল ও আকাশযানে আরোহনের দু'আ....................৩৬
৪৭. যানবাহন থেকে অবতরণের দু'আ....................৩৬
৪৮. বাজারে প্রবেশের দু'আ....................৩৭
৪৯. বাড়ীতে প্রবেশের দু'আ....................৩৮

**দুঃখ-কষ্টের সময়**

৫০. মৃত্যু বা দুঃসংবাদ শুনে পড়ার দু'আ....................৩৯
৫১. শোকার্তদের সান্ত্বনা দেওয়ার দু'আ....................৩৯
৫২. সমবেদনা জানানোর দু'আ....................৪০
৫৩. কবরস্থানের পাশ দিয়ে যাওয়ার সময় পঠিত দু'আ....................৪০
৫৪. কষ্টের সময়ের দু'আ....................৪১
৫৫. বিপদ থেকে মুক্তির দু'আ....................৪১
৫৬. বিপদগ্রস্ত ব্যক্তিকে দেখে পড়ার দু'আ....................৪২
৫৭. কুকুরের ডাক শুনলে পঠিত দু'আ....................৪৩

**আবহাওয়া সম্পর্কিত**

৫৮. ঝড়-তুফানের দু'আ....................৪৪
৫৯. বৃষ্টি চাওয়ার দু'আ....................৪৫
৬০. বৃষ্টির সময় পড়ার দু'আ....................৪৫
৬১. মেঘের গর্জন বা বজ্রপাতের সময়ের দু'আ....................৪৬
৬২. বৃষ্টি শেষের দু'আ....................৪৬



**অসুস্থতা থেকে মুক্তির**

৬৩. রোগ মুক্তির দু'আ....................৪৭
৬৪. শরীরের ব্যথা দূর করার দু'আ....................৪৮
৬৫. জ্বর ও ব্যথা মুক্তির দু'আ....................৪৯
৬৬. মহামারীসহ কঠিন রোগমুক্তির দু'আ....................৪৯
৬৭. বদনজরের দু'আ....................৫০
৬৮. শরীরিক দুর্বলতা ও অস্থিরতা দূর করার দু'আ....................৫১
৬৯. কানের সমস্যা দূর করার দু'আ....................৫১
৭০. চোখের অসুখ থেকে মুক্তির দু'আ....................৫১
৭১. রোগী দেখতে গিয়ে যে দু'আ পড়তে হয়....................৫২

**আযান মসজিদ ও সালাত সম্পর্কিত**

৭২. আযানের বাক্যসমূহ....................৫৩
৭৩. আযানের উত্তর....................৫৫
৭৪. আযান শেষের দু'আ....................৫৫
৭৫. মসজিদে প্রবেশের দু'আ....................৫৬
৭৬. তাকবীরে তাহরীমা....................৫৬
৭৭. সানা....................৫৭
৭৮. রুকূর দু'আ....................৫৭
৭৯. রুকূ থেকে উঠার দু'আ....................৫৮
৮০. সিজদার দু'আ....................৫৮
৮১. দুই সিজদার মধ্যে বসা অবস্থার দু'আ....................৫৯
৮২. তাশাহ্হুদ....................৬০
৮৩. তাশাহ্হুদের পরের দরুদ....................৬১
৮৪. সালামের আগের দু'আ (দু'আ মাছুরা)....................৬২
৮৫. বিত্‌রের কুনুতের দু'আ....................৬৩
৮৬. সালাম....................৬৪
৮৭. মসজিদ থেকে বের হওয়ার দু'আ....................৬৪

**ফরয সালাত শেষের আমল**

৮৮. ইস্তিগফার বা ক্ষমাপ্রার্থনা ..... ৬৫
৮৯. শান্তির ঘোষণা ..... ৬৫
৯০. আয়াতুল কুরসী ..... ৬৬
৯১. তাসবীহ ফাতিমী ..... ৬৭
৯২. আল্লাহর সাহায্য কামনা ..... ৬৮
৯৩. হেদায়ত, তাক্বওয়া, উত্তম চরিত্র ও স্বাবলম্বী হওয়ার প্রার্থনা ... ৬৮
৯৪. সার্বিক কল্যাণ প্রার্থনা ..... ৬৯

**সকাল-সন্ধ্যার আমল**

৯৫. আল্লাহর ক্ষমতার ঘোষণা ..... ৭০
৯৬. দুশ্চিন্তা মুক্তির দু'আ ..... ৭১
৯৭. ক্ষতি থেকে মুক্তির দু'আ ..... ৭১
৯৮. আল্লাহর কৃতজ্ঞতা জ্ঞাপনের দু'আ ..... ৭২
৯৯. শয়তান থেকে নিরাপত্তার দু'আ ..... ৭২

**সবসময় পঠিত দু'আ**

১০০. আল্লাহর পবিত্রতার ঘোষণা (তাসবীহ) ..... ৭৩
১০১. আল্লাহর প্রশংসার ঘোষণা (তাহমীদ) ..... ৭৩
১০২. আল্লাহর একত্বের ঘোষণা (তাহলীল) ..... ৭৩
১০৩. আল্লাহর শ্রেষ্ঠত্বের ঘোষণা (তাকবীর) ..... ৭৪
১০৪. আল্লাহর ওপর নির্ভরতার ঘোষণা (হাওকালা) ..... ৭৪
১০৫. আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা (ইস্তিগফার) ..... ৭৪

**নিজের উন্নতির জন্য আরও কিছু দু'আ**

১০৬. কঠিন কাজ সহজ হওয়ার দু'আ ..... ৭৫
১০৭. রাগ দমনের দু'আ ..... ৭৫
১০৮. ক্ষতির আশংকা থেকে আত্মরক্ষার দু'আ ..... ৭৬
১০৯. ব্যক্তি বা পরিস্থিতিকে ভয় পেলে ..... ৭৬



১১০. অপছন্দনীয় কিছু ঘটলে বা দেখলে ..... ৭৬
১১১. সফলতা ও আনন্দদায়ক সংবাদ শুনলে ..... ৭৭
১১২. আশ্চর্য ও আনন্দদায়ক কোনো কিছু দেখলে বা ঘটলে .... ৭৭
১১৩. মনোরম কিছু দেখলে ..... ৭৭
১১৪. কোনো কারণে চিন্তাগ্রস্ত হলে ..... ৭৮
১১৫. হতাশাজনক কিছু ঘটলে ..... ৭৮
১১৬. সংকট মুহূর্তের দু'আ ..... ৭৯
১১৭. কথা বলার সময় কিছু ভুলে গেলে তা স্মরণ করার দু'আ ৭৯
১১৮. কোনো ভুল করলে ..... ৭৯
১১৯. জান্নাতে ঘর বানানোর দু'আ ..... ৮০
১২০. সূরা আল ইখলাস ..... ৮০

## উচ্চারণ ও মাখরাজ নির্দেশিকা

আরবী অক্ষরসমূহের যথাযথ বাংলা প্রতিবর্ণয়ন সম্ভব নয়। এ পুস্তিকাটিতে উচ্চারণের ক্ষেত্রে নিম্নোক্ত প্রতিবর্ণায়ন পদ্ধতি অবলম্বন করা হয়েছে। যাতে সমজাতীয় অক্ষরগুলোর মধ্যে পার্থক্য করা যায়। সঠিক উচ্চারণে সহায়তার জন্য মাখরাজ উল্লেখ করা হলো:

| আরবী | বাংলা | মাখরাজ/ পড়ার নিয়ম |
|---|---|---|
| ب | ব | দুই ঠোঁটের ভিতরের ভেজা অংশ |
| ت | ত | জিহ্বার আগা সামনের উপরের ২ দাঁতের গোড়ার সাথে লাগিয়ে |
| ث | ছ | জিহ্বার আগা সামনের উপরের ২ দাঁতের আগার সাথে লাগিয়ে |
| ج | জ | জিহ্বার মধ্যখান তার সরাসরি উপরের তালুর সাথে লাগিয়ে |
| ح | হ | হলক্বের মধ্যখান থেকে |
| خ | খ | হলক্বের শেষ থেকে |
| د | দ | জিহ্বার আগা সামনের উপরের ২ দাঁতের গোড়ার সাথে লাগিয়ে |
| ذ | য | জিহ্বার আগা সামনের উপরের ২ দাঁতের আগার সাথে লাগিয়ে |
| ر | র | জিহ্বার আগার পিঠ, তার বরাবর উপরের তালুর সাথে লাগিয়ে |
| ز | ঝ | জিহ্বার আগা সামনের নিচের ২ দাঁতের আগার দিকে লাগিয়ে |
| س | স | জিহ্বার আগা সামনের নিচের ২ দাঁতের আগার দিকে লাগিয়ে |
| ش | শ | জিহ্বার মধ্যখান তার সরাসরি উপরের তালুর সাথে লাগিয়ে |



| | | |
|---|---|---|
| ص | স্ব | জিহ্বার আগা সামনের নিচের ২ দাঁতের আগার দিকে লাগিয়ে |
| ض | দ্ব | জিহ্বার গোড়ার কিনারা উপরের মাড়ির দাঁতের গোড়ার সাথে লাগিয়ে |
| ط | ত্ব | জিহ্বার আগা সামনের উপরের ২ দাঁতের গোড়ার সাথে লাগিয়ে |
| ظ | জ্ব | জিহ্বার আগা সামনের উপরের ২ দাঁতের আগার সাথে লাগিয়ে |
| ع | ‘ | হলকের মধ্যখান থেকে |
| غ | গ | হলকের শেষ থেকে |
| ف | ফ | নিচের ঠোঁটের পেট সামনের উপরের ২ দাঁতের আগার সাথে লাগিয়ে |
| ق | ক্ব | জিহ্বার গোড়া তার বরাবর উপরের তালুর সাথে লাগিয়ে |
| ك | ক | জিহ্বার গোড়া থেকে একটু আগে যেয়ে তার বরাবর উপরের তালুর সাথে লাগিয়ে |
| ل | ল | জিহ্বার আগার কিনারা সামনের উপরের দাঁতের মাড়ির সাথে লাগিয়ে |
| م | ম | দুই ঠোঁটের উপরের শুকনা অংশ |
| ن | ন | জিহ্বার আগা তার বরাবর উপরের তালুর সাথে লাগিয়ে |
| هـ | হ | হলকের শুরু |
| و | ূ | এক আলিফ টেনে পড়তে হবে |
| ا | া- | এক আলিফ টেনে পড়তে হবে, |
| ي | ী | এক আলিফ টেনে পড়তে হবে |
| ـَ | া | স্বাভাবিকভাবে পড়তে হবে |
| ـِ | ি | স্বাভাবিকভাবে পড়তে হবে |
| ـُ | ু | স্বাভাবিকভাবে পড়তে হবে |
| ء | ’ | হলক্বের শুরু |

# পড়ালেখা বিষয়ক দুআ

## ১ জ্ঞান ও মুখস্তশক্তি বৃদ্ধির দুআ

رَبِّ زِدْنِي عِلْمًا

***উচ্চারণ :*** *রব্বি যিদনী 'ইলমা।*

**অর্থ :** হে আমার প্রভু, আমার জ্ঞান (ও মুখস্তশক্তি) বাড়িয়ে দিন।[১]

## ২ মুখের জড়তা দূর করার দুআ

رَبِّ اشْرَحْ لِيْ صَدْرِيْ - وَ يَسِّرْ لِيْٓ اَمْرِيْ - وَ احْلُلْ عُقْدَةً مِّنْ لِّسَانِيْ - يَفْقَهُوْا قَوْلِيْ.

***উচ্চারণ:*** *রব্বিশরহ্‌লী স্বদরী; ওয়া ইয়াসসির লী আমরী; ওয়াহ্‌লুল 'উক্বদাতাম মিল্লিসা-নী; ইয়াফক্বাহু ক্বওলী।*

**অর্থ :** হে আমার পালনকর্তা আমার বক্ষ প্রশস্ত করে দিন। আমার কাজ সহজ করে দিন। আমার জিহবা থেকে জড়তা দূর করে দিন। যাতে তারা আমার কথা বুঝতে পারে।[২]

১. [সূরা ত্বাহা : আয়াত ১১৪]
২. [সূরা ত্বহা, ২৫]



## ৩ ভুলে যাওয়া বিষয় স্মরণ করার দুআ

পড়াসহ কোনো কিছু ভুলে গেলে করণীয় সম্পর্কে স্বয়ং আল্লাহ বলেন, "যখন ভুলে যাও তখন তোমার রবকে স্মরণ কর"[৩]

অতএব এ সময় বেশি বেশি জিক্‌র করতে হবে। বিশেষ করে নিচের জিকরগুলো করা যায়:

سُبْحَانَ اللهِ (সুবহা-নাল্ল-হ্)

لَا إِلَهَ إِلَّا اللهُ (লা- ইলা-হা ইল্লাল্ল-হ্)

لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللهِ

(লা- হাওলা ওয়া লা- কুওয়াতা ইল্লা বিল্লাহ্)

أَسْتَغْفِرُ اللهَ (আসতাগফিরুল্ল-হ)

## ৪ অন্যের জ্ঞান বৃদ্ধির দুআ

اللّٰهُمَّ فَقِّهْهُ فِي الدِّيْنِ

***উচ্চারণ:*** *আল্ল-হুম্মা ফাক্বিহ্‌হু ফীদ্দীন।*

অর্থ: হে আল্লাহ্! তুমি তাকে দ্বীনের জ্ঞান দান কর।[৪]

৩. [সূরা আল-কাহফ, ২৪]
৪. [বুখারী, হাদীস ১৪৩]

## ৫ পরীক্ষার পূর্বে পঠিত দুআ

وَ اُفَوِّضُ اَمْرِیْٓ اِلَی اللّٰهِ ؕ اِنَّ اللّٰهَ بَصِیْرٌۢ بِالْعِبَادِ

***উচ্চারণ:*** *ওয়া উফাওয়িদ্বু আমরী ইলাল্ল-হি ইন্নাল্ল-হা বাস্বীরুম বিল 'ইবা-দ*

**অর্থ :** আমি আমার বিষয়টি আল্লাহর ওপর সোপর্দ করছি; আল্লাহ তাঁর বান্দাদের প্রতি সবিশেষ দৃষ্টি রাখেন[৫]

* 'কঠিন কাজ সহজ হওয়ার দুআ'ও পরীক্ষার শুরুতে পড়া যায়।

## ৬ অজ্ঞতা থেকে বাঁচার দুআ

اَعُوْذُ بِاللّٰهِ اَنْ اَكُوْنَ مِنَ الْجٰهِلِیْنَ

***উচ্চারণ:*** *আ'উযুবিল্লা-হি আন আকূনা মিনাল জা-হিলীন।*

**অর্থ :** মূর্খদের অন্তর্ভুক্ত হওয়া থেকে আমি আল্লাহ'র আশ্রয় প্রার্থনা করছি।[৬]

৫. [সূরা আল-মুমিন, ৪৪]
৬. [সূরা আল বাকারা, ৬৭]



## ৭ ক্লাস বা যেকোনো মজলিস শেষের দুআ

سُبْحَانَكَ اللّٰهُمَّ وَبِحَمْدِكَ، أَشْهَدُ أَنْ لَّا إِلَهَ إِلَّا أَنْتَ، أَسْتَغْفِرُكَ وَأَتُوْبُ إِلَيْكَ

***উচ্চারণ:*** *সুবহা-নাকাল্ল-হুম্মা ওয়া বিহামদিকা আশহাদু আল্লা ইলাহা ইল্লা আণ্ডতা আস্তাগফিরুকা ওয়া আতূবু ইলাইকা।*

**অর্থ :** হে আল্লাহ! আমি আপনার প্রশংসা সহকারে আপনার পবিত্রতা ঘোষণা করি। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আপনি ছাড়া কোনো ইলাহ নেই। আমি আপনার নিকট ক্ষমা প্রার্থনা করি এবং আপনার নিকট তওবা করি।[৭]

***

৭. [আবু দাউদ, হাদীস নং ৪৮৫৭]

# ঘুমের সাথে সংশ্লিষ্ট দুআ

## ঘুমানোর সুন্নাত

ঘুমের অনেক সুন্নাহের মধ্যে গুরুত্বপূর্ণ কয়েকটি নিম্নরূপ:

১. অযু অবস্থায় ঘুমানো;[৮]

২. ঘুমানোর পূর্বে বিছানা পরিস্কার করে নেয়া; [৯]

৩. ডান কাত হয়ে ঘুমানো; [১০]

৪. ডান চোয়ালের নীচে ডান হাত রেখে ঘুমানো [১১]

৫. সূরা মুলক তেলাওয়াত করে ঘুমানো; [১২]

৬. সূরা কাফিরূন তেলাওয়াত করা; [১৩]

৭. সূরা ইখলাস, ফালাক এবং সূরা নাস পাঠ করে ফুঁক দিয়ে যতদূর সম্ভব সমস্ত শরীরে হাত বুলানো। [১৪]

৮. সব মিলিয়ে ১০০ আয়াত তেলাওয়াত করে ঘুমানো; [১৫]

৯. ঘুমের পূর্বে অন্যান্য দু'আগুলো পাঠ করে ঘুমানো। [১৬]

---

৮. [বুখারী, ২৪৭]
৯. [বুখারী, ৬৩২০]
১০. [বুখারী, ২৪৭]
১১. [আবু দাউদ, ৫০৪৫]
১২. [তিরমিযী, ২৮৯২]
১৩. [তিরমিযী, ৩৪০৩]
১৪. [বুখারী: ৫০১৭]
১৫. [তিরমিযী, ৩৪০৫]
১৬. [বুখারী, ২৪৭]



### ৮ ঘুমাতে যাওয়ার পূর্বের দুআ

بِاسْمِكَ اَللّٰهُمَّ أَمُوْتُ وَأَحْيَا

***উচ্চারণ:*** *বিস্‌মিকাল্ল-হুম্মা আমূতু ওয়া আহইয়া- ।*

অর্থ: হে আল্লাহ, আপনার নাম নিয়েই আমি মরছি (ঘুমাচ্ছি) এবং আপনার নাম নিয়েই জাগ্রত হবো। [১৭]

### দুঃস্বপ্ন দেখলে করণীয়

১. বাম দিকে ৩ বার হাল্কা থুথু ফেলা। [১৮]

২. শয়তান থেকে এবং যা দেখেছে তার অনিষ্ট থেকে আল্লাহর কাছে আশ্রয় প্রার্থনা করা। [১৯]

৩. অতঃপর যে পার্শ্বে সে ঘুমিয়েছিল তা পরিবর্তন করা। [২০]

৪. যদি ইচ্ছা করে তবে উঠে সলাত আদায় করা। [২১]

৫. কাউকে এ ব্যাপারে কিছু না বলা। [২২]

---

১৭. [বুখারী, হাদীস নং ৬৩২৪]
১৮. [মুসলিম, ২২৬১]
১৯. [মুসলিম, ২২৬১]
২০. [মুসলিম, ২২৬১]
২১. [মুসলিম, ২২৬৩]
২২. [মুসলিম, ২২৬১]

### ৯ ঘুমের মধ্যে ভয় পেলে পঠিত দুআ

أَعُوْذُ بِكَلِمَاتِ اللهِ التَّامَّاتِ مِنْ غَضَبِهِ وَعِقَابِهِ، وَشَرِّ عِبَادِهِ، وَمِنْ هَمَزَاتِ الشَّيَاطِيْنِ وَأَنْ يَّحْضُرُوْنِ

***উচ্চারণ:*** *আ'উযু বিকালিমা-তিল্লাহিত তা-ম্মা-তি মিঙ গদ্বাবিহি ওয়া 'ইক্বা-বিহি ওয়া শাররি 'ইবা-দিহি ওয়া মিন হামাযা-তিশ্ শাইয়া-ত্বীনি ওয়া আই ইয়াহ্দুরূন।*

অর্থ: আমি আল্লাহ্‌র পরিপূর্ণ কালামসমূহের অসীলায় আশ্রয় চাই তাঁর ক্রোধ থেকে, তাঁর শাস্তি থেকে, তাঁর বান্দাদের অনিষ্ট থেকে, শয়তানদের কুমন্ত্রণা থেকে এবং তাদের উপস্থিতি থেকে। [২৩]

### ১০ ঘুম থেকে ওঠার দুআ

الْحَمْدُ لِلهِ الَّذِيْ أَحْيَانَا بَعْدَ مَا أَمَاتَنَا، وَإِلَيْهِ النُّشُوْرُ

***উচ্চারণ:*** *আলহামদু লিল্লা-হিল্লাযী আহয়া-না- বা'দা মা-আমা-তানা- ওয়া ইলাইহিন নুশূর।*

অর্থ: সকল প্রশংসা আল্লাহ্‌র জন্য, যিনি মৃত্যুর (ঘুমের) পর আমাদেরকে জীবিত করলেন, আর তাঁরই নিকট সকলের পুনরুত্থান। [২৪]

২৩. [আবু দাউদ, হাদীস নং ৩৮৯৩]
২৪. [বুখারী, হাদীস নং ৬৩১৪]



## খাওয়া ও পান করা সংশ্লিষ্ট দুআ

### ১১ খাওয়া শুরুর দুআ

بِسْمِ اللهِ وَ بَرَكَةِ اللهِ

***উচ্চারণ:*** *বিসমিল্লা-হি ওয়া বারাকাতিল্লাহ্।*

**অর্থ :** আল্লাহ তাআলার নামের বরকতে আমি খাবার শুরু করছি। [২৫]

### ১২ খাওয়ার শুরুতে দুআ পড়তে ভুলে গেলে তার দুআ

খাওয়ার শুরুতে দুআ পড়তে ভুলে গেলে যখনই মনে পড়বে তখনই নিচের দুআটি পড়বে:

بسمِ اللهِ فِيْ أَوَّلِهِ وَآخِرِهِ

***উচ্চারণ:*** *বিস্‌মিল্লা-হি ফী আওওয়ালিহি ওয়া আ-খিরিহ্।*

অর্থ: এর শুরু ও শেষ আল্লাহ্‌র নামে। [২৬]

২৫. [মুসতাদরাক হাকেম, হাদীস নং ৭০৮৪]
২৬. [আবু দাউদ, হাদীস নং ৩৭৬৭]

## ১৩ খাওয়া শেষের দুআ

الْحَمْدُ لِلهِ الَّذِيْ أَطْعَمَنِيْ هَذَا، وَرَزَقَنِيْهِ، مِنْ غَيْرِ حَوْلٍ مِنِّيْ وَلاَ قُوَّةٍ

***উচ্চারণ:*** *আলহামদু লিল্লা-হিল্লাযী আত'আমানী হাযা- ওয়া রঝাক্বনীহি মিন গইরি হাউলিম মিন্নী ওয়ালা ক্বুওয়াতিন।*

অর্থ: সকল প্রশংসা আল্লাহ্‌র জন্য, যিনি আমাকে এ আহার করালেন এবং আমার পক্ষ থেকে কোনো শক্তি-সামর্থ্য ছাড়াই রিযিক দিলেন। [২৭]

## ১৪ দুধ পান শেষের দুআ

اَللّٰهُمَّ بَارِكْ لَنَا فِيْهِ وَزِدْنَا مِنْهُ

***উচ্চারণ:*** *আল্ল-হুম্মা বা-রিক লানা- ফীহি ওয়াঝিদনা- মিনহু।*

অর্থ: হে আল্লাহ! আপনি আমাদেরকে এতে বরকত দিন এবং এর চেয়ে আরও বেশি দিন। [২৮]

## ১৫ পানি পানের দুআ

بِسْمِ اللهِ

***উচ্চারণ:*** *বিসমিল্লা-হ্!*

**অর্থ :** আল্লাহর নামে। [২৯]

২৭. [ইবন মাজাহ, হাদীস নং ৩২৮৫]
২৮. [তিরমিযী, হাদীস নং ৩৪৫৫]



## ১৬ যমযমের পানি পানের দুআ

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, যমযমের পানি পান করার সময় কিবলামুখী হবে, আল্লাহর নাম স্মরণ করবে, তিনবার নিঃশ্বাস নিবে এবং তৃপ্তি সহকারে পান করবে। পানি পান শেষে মহামহিম আল্লাহর প্রশংসা করবে। কারণ, আমাদের ও মুনাফিকদের মধ্যে পার্থক্য হলো এই যে, তারা তৃপ্তি সহকারে যমযমের পানি পান করে না। [৩০]

**যমযমের পানি পান করার সময় ইবন আব্বাস রা. এ দুআ করতেন:**

اَللّٰهُمَّ إِنِّىْ أَسْأَلُكَ عِلْمًا نَّافِعًا وَّرِزْقًا وَّاسِعًا وَّشِفَاءً مِّنْ كُلِّ دَاءٍ

***উচ্চারণ:*** *আল্লা-হুম্মা ইন্নী আস্‌আলুকা 'ইলমান না-ফি'আও, ওয়া রিঝক্বাও ওয়া-সি'আও ওয়া শিফা-য়াম্মিঙ কুল্লি দাইন।*

**অর্থ :** হে আল্লাহ, আমি আপনার নিকট উপকারী জ্ঞান, প্রশস্ত রিযিক এবং সকল রোগের নিরাময় চাচ্ছি। [৩১]

২৯. [আবু দাউদ, হাদীস নং ৩৭৬৭]
৩০. [ইবন মাজাহ, হাদীস নং ৩০৬১]
৩১. [হাকেম, হাদীস নং ১৭৩৯]